

২৩.০২.১৫২৮.৫০১.৫৩.১১৯১৭. ২৩

০২ ফেব্রুয়ারি ২০১৭

দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি

১। বিএন ডকইয়ার্ড (হেভী এল শপ) এর নিম্নেবর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত মেরামতকারী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে :

কাজের বর্ণনা ও শর্তাবলী :

CONTROL PCB (INPUT : 415V AC, 50HZ, 3PHASE, OUTPUT : 0-400V, 0-100A): 01 in no Rectifier
Control PCB (INPUT: 415V AC, 50HZ, 3PHASE, OUTPUT: 0-400V, 0-100A) does not work. Suspect control PCB defective due to fair wear and tear. Control PCB to be rectified as necessary and tested on load.

২। উক্ত Repair/Renew কাজে কোন মালামাল Control PCB সরবরাহের প্রয়োজন হলে উহার প্রকৃত উৎস উল্লেখ করতে হবে। স্থানীয়ভাবে মেরামতের ক্ষেত্রে স্থানীয় দক্ষতা ও অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত বিবরণ দিতে হবে। প্রয়োজনে বর্ড কোন অভিজ্ঞ ও নামকরা ব্যক্তি/প্রতিষ্ঠানের সাহায্য নেওয়া প্রয়োজন হলে তাও উল্লেখ করতে হবে।

৩। মেরামত কাজের প্রকৃত অবস্থা নির্ণয়ের জন্য দরদাতাগণ সংশ্লিষ্ট ঘাঁটির আইটেমসমূহ সরেজমিনে পর্যবেক্ষণ করে দরপত্র দাখিল করবেন। অতিরিক্ত কোন যন্ত্রাংশের প্রয়োজন হলে নিজ খরচে উহা প্রদান করে Control PCB এর কাজ সম্পাদন করতে হবে।

৪। দরদাতাকে মেরামত কার্য শেষে ০১ (এক) বছর ওয়ারেন্টি প্রদান করতে হবে। ওয়ারেন্টিকালীন সময়ে দরপত্রে উল্লেখিত কাজের কোন ত্রুটি দেখা দিলে দরদাতা প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশসহ নিজ খরচে মেরামত কাজ সম্পাদন করতঃ PCBটির সচলতার টেস্ট/ ট্রায়াল সম্পাদন করবে।

৫। বিএন ডকইয়ার্ড গার্ডরুমে রক্ষিত টেন্ডার বক্সে আগামী ০৭ ফেব্রুয়ারি ২০১৭, ১২০০ ঘটিকার পূর্বে দরপত্র জমা দিতে হবে।

৬। আগামী ০৭ ফেব্রুয়ারি ২০১৭, ১২৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে টেন্ডার বক্স খোলা হবে।

৭। কার্যাদেশ গ্রহণের ৩০ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে (বিএন ডকইয়ার্ড সিআর নং ৯১১১৭০০০১৩ তারিখ ২৩ জানুয়ারি ২০১৭)।

৮। উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/বিনির্দেশ মোতাবেক হতে হবে। মেরামত কাজে আসল (Original), নতুন এবং উপযুক্ত যন্ত্রাংশ ব্যবহার করতে হবে।

৯। দরপত্র কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, নিউমুরিং, চট্টগ্রাম এর বরাবরে দাখিল করতে হবে।

১০। দরপত্র সংক্রান্ত কোন বিষয়ে বোধগম্য না হলে ডেপুটি জেনারেল ম্যানেজার প্ল্যানিং এন্ড এন্টিমেটিং এর আউট সাইড এজেন্সি বিএন ডকইয়ার্ড এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

১১। বর্ণিত কাজগুলি নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে না পারলে কর্তৃপক্ষ কার্যাদেশের মোট মূল্যের প্রতি মাসে বিলম্বের জন্য ২% হতে সর্বোচ্চ ১০% জরিমানা করতে পারবে।

১২। উক্ত কাজ বিএন ডকইয়ার্ড হেভী শপ এবং রেডিও এন্ডার র্যাডার ওয়ার্কশপ এর তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।


১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা রাখে।

১৪। দরদাতা কর্তৃক প্রস্তাবিত দরমূল্যের মধ্যে ভ্যাট, ট্যাক্স অন্তর্ভুক্ত করে দরপত্র দাখিল করবে।

১৫। উক্ত কাজ সম্পাদনের সময় সকল জনবলের সার্বিক নিরাপত্তা সরবরাহকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

১৬। কাজ সমাপ্তির পর গ্রহণযোগ্য সনদপত্র এবং বিধি মোতাবেক অন্যান্য সকল নথিপত্রসহ দাখিলকৃত বিল সিএসডি বরাবরে পেশ করা হলে সিএসডি/এসএফসি (নৌ) ঢাকা কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

১৭। দরপত্র টেন্ডার বক্সে ফেলার পূর্বে অবশ্যই খাম এবং গাম দ্বারা বন্ধ পূর্বক নিজস্ব প্রতিষ্ঠানের সীল মোহর যুক্ত হতে হবে। অন্যথায় উহা বাতিল বলে গণ্য হবে।



এম নাজমুল হক

কমান্ডার বিএন

পক্ষে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড